

💵 সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ২৪১০

৮/ সওম (রোযা) (১য়০৮)

পরিচ্ছেদঃ ৪৪. যে ব্যক্তি (সফর অবস্থায়) সওম পালনকে প্রাধান্য দেন

بَابُ مَنِ اخْتَارَ الصِيّامَ

আরবী

حَدَّثَنَا حَامِدُ بْنُ يَحْيَى، حَدَّثَنَا هَاشِمُ بْنُ الْقَاسِمِ، ح وحَدَّثَنَا عُقْبَةُ بْنُ مُكْرَمٍ، حَدَّثَنَا أَبُو قُتَيْبَةَ الْمَعْنَى، قَالَا: حَدَّثَنَا عَبْدُ الصَّمَدِ بْنُ حَبِيبِ بْنِ عَبْدِ اللَّهِ الْأَزْدِيُّ، حَدَّثَنِي حَبِيبُ بْنُ عَبْدِ اللَّهِ الْأَزْدِيُّ، حَدَّثَنِي حَبِيبُ بْنُ عَبْدِ اللَّهِ الْأَزْدِيُّ، حَدَّثَنِي حَبِيبُ بْنُ عَبْدِ اللَّهِ قَالَ: قَالَ عَبْدِ اللَّهِ قَالَ: سَمِعْتُ سِنَانَ بْنَ سَلَمَةَ بْنِ الْمُحَبَّقِ الْهُذَلِيِّ، يُحَدِّثُ عَنْ أَبِيهِ، قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ: مَنْ كَانَتْ لَهُ حَمُولَةٌ تَأُويِ إِلَى شَبَعٍ، فَلْيَصِمُ رَمَضَانَ حَيْثُ أَدْرَكَهُ

ضعيف // ضعيف الجامع الصغير (٨١٠)، المشكاة (٢٠٢٦)

বাংলা

২৪১০। সিনান ইবনু সালামাহ ইবনুল মুহাব্বাক আল-হুযালী (রহ.) থেকে তার পিতার সূত্রে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যে ব্যক্তির কাছে এমন বাহন আছে যা তাকে পর্যাপ্ত আহারের স্থানে পৌঁছে দিবে, তার উচিত রমাযানের সওম পালন করা যেখানেই সে (রমাযান মাস) পাবে।[1]

দুর্বলঃ যঈফ আল জামি'উস সাগীর (৫৮১০), মিশকাত (২০২৬)।

English

Narrated Salamah ibn al-Muhabbaq al-Hudhali:

The Messenger of Allah (ﷺ) said: If anyone has a riding beast which carries him to where he can get sufficient food, he should keep the fast of Ramadan wherever he is when it comes.



ফুটনোট

[1]. আহমাদ। সনদের আব্দুর সামাদ সম্পর্কে উকাইলী বলেন: তাকে এ হাদীস ছাড়া চেনা যায় না। ইমাম বুখারী তাকে যু'আফা গ্রন্থে উল্লেখ করে বলেন: হাদীস বর্ণনায় শিথিল (লাইয়্যিন)। ইমাম আহমাদ তাকে যঈফ বলেছেন। এছাড়া সনদে হাবীব বিন আব্দুল্লাহ রয়েছে। তার সম্পর্কে হাফিয ইবনু হাজার আত-তাকরীব গ্রন্থে এবং ইমাম যাহাবী আল-মীযান গ্রন্থে বলেন: মাজহুল (অজ্ঞাত)।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন